


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৪-১৫ অর্থবছরে সম্পদিত গুরুত্বপূর্ণ/ উল্লেখযোগ্য কর্মকাণ্ড

- ১। জাতীয় জীবনে বিভিন্ন ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ ১৫ জন সুবীকে একুশে পদক-২০১৫ প্রদান করা হয়।
- ২। যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৫ উদ্যাপন করা হয়।
- ৩। শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-উপলক্ষ্যে মাসব্যাপী একুশে গ্রন্থমেলা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- ৪। ২৫ বৈশাখ / ৮ মে ২০১৫ তারিখে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৪তম জন্মবার্ষিকী উদ্যাপন করা হয়। এ উপলক্ষ্যে ০৮ মে ২০১৫ তারিখ রবীন্দ্র স্মৃতি বিজড়িত সিরাজগঞ্জের শাহজাদপুরে মাননীয় প্রধানমন্ত্রী মূল অনুষ্ঠান উদ্বোধন করেন। এছাড়া ঢাকাসহ রবীন্দ্র স্মৃতি বিজড়িত কুষ্টিয়ার শিলাইদহ, নওগাঁর পতিসর ও খুলনার দক্ষিণতিহি এবং দেশের সকল জেলা, উপজেলা ও শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্বকবির জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।
- ৫। ১১ জ্যৈষ্ঠ / ২৫ মে ২০১৫ তারিখে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ১১৬তম জন্মবার্ষিকী উদ্যাপন করা হয়। এ উপলক্ষ্যে ২৫ মে ২০১৫ তারিখ নজরুল স্মৃতি বিজড়িত কুমিল্লায় মাননীয় প্রধানমন্ত্রী মূল অনুষ্ঠান উদ্বোধন করেন। ঢাকাসহ নজরুল স্মৃতি বিজড়িত ময়মনসিংহের ত্রিশাল ও চট্টগ্রাম এবং দেশের সকল জেলা, উপজেলা ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় কবির জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে।
- ৬। ঢাকাসহ সারাদেশে সরকারিভাবে পহেলা বৈশাখ ১৪২২ উদ্যাপন করা হয়। নববর্ষ উদয়াপনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অর্থ বরাদ্দ প্রদান করা হয়।
- ৭। ২০১৪-২০১৫ অর্থ বছরে ২টি জেলা বইমেলা অনুষ্ঠিত হয়েছে এবং কলকাতায় অনুষ্ঠিত আন্তর্জাতিক বইমেলায় বাংলাদেশ অংশগ্রহণ করে।
- ৮। মাননীয় প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফর উপলক্ষ্যে গত ০৩ ডিসেম্বর ২০১৪ বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে একটি সমরোতা স্বারক স্বাক্ষরিত হয়।
- ৯। ইরানে অনুষ্ঠিত ২৮তম তেহরান আন্তর্জাতিক বই মেলায় মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রীর অংশগ্রহণ উপলক্ষ্যে তেহরানে বাংলাদেশ ও ইরানের মধ্যে ২০১৫-২০১৮ মেয়াদে সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম স্বাক্ষরিত হয়।
- ১০। ভারতের মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ সফর উপলক্ষ্যে ৬ জুন ২০১৫ ঢাকায় বাংলাদেশ ও ভারতের মধ্যে ২০১৫-১৭ মেয়াদে সাংস্কৃতিক বিনিময় কার্যক্রম স্বাক্ষরিত হয়।
- ১১। ২০১৪-২০১৫ অর্থ বছরে দক্ষিণ কোরিয়া, থাইল্যান্ড, জাপান এবং রাশিয়া ফেডারেশন থেকে সাংস্কৃতিক দল ও প্রতিনিধিদল বাংলাদেশ সফর করেছে।
- ১২। ২০১৪-২০১৫ অর্থ বছরে বাংলাদেশ হতে রাশিয়া, দক্ষিণ কোরিয়া, যুক্তরাজ্য, ভারত, স্পেন, ইন্দোনেশিয়া, শ্রীলঙ্কা, সংযুক্ত আরব আমিরাত, ইরান, ফ্রান্স, জাপান, বেলজিয়াম, থাইল্যান্ড, নেপাল, মালয়েশিয়া, কুয়েত, কমোডিয়া, ভূটান, নেদারল্যান্ডস, আজারবাইজান, আফগানিস্তান, জার্মানি, মিশরসহ ২৩টি দেশে মোট ৪০টি সাংস্কৃতিক দল/প্রতিনিধিদল সফর করেছে।
- ১৩। বাংলাদেশ লোক ও কারণশিল্প ফাউন্ডেশন কর্তৃক মাসব্যাপী লোক কারণশিল্প মেলা ও লোকজ উৎসব/২০১৫ এর আয়োজন, বৈশাখী মেলার আয়োজন, শিল্পাচার্য জয়নুল আবেদীনের জন্য ও মৃত্যবার্ষিকী পালন উপলক্ষ্যে জয়নুল মেলা এবং পৌষ-পার্বণ উপলক্ষ্যে পৌষ মেলা আয়োজন করা হয়।
- ১৪। ২০১৪-২০১৫ অর্থ বছরে বেসরকারি পাঠ্যগ্রন্থ অনুদান খাতে বরাদ্দকৃত ২.২৭ (দুই কোটি সাতাশ লক্ষ) টাকা ১০২৫টি বেসরকারি পাঠ্যগ্রন্থসমূহের মধ্যে বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থের ৫০% বই ও বাকী ৫০% ক্রসড চেকের মাধ্যমে প্রদান করা হয়।
- ১৫। ২০১৪-২০১৫ অর্থ বছরে চারণশিল্প, থিয়েটার ইত্যাদি খাতে ৪.৮৬১৫ (চার কোটি ছিয়াশি লক্ষ পনের হাজার) কোটি টাকা দেশের ১১৭৪ টি সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে অনুদান হিসেবে বরাদ্দ প্রদান করা হয়।
- ১৬। ২০১৪-২০১৫ অর্থ বছরে প্রশংসাযোগ্য ও কৃতিত্বপূর্ণ কাজের জন্য আর্থিকভাবে অসচ্ছল সংস্কৃতিসেবীদের ভাতা খাত হতে ৪.০৫৫৮ (চার কোটি পাঁচ লক্ষ আটাশ হাজার) কোটি টাকা বিভিন্ন জেলার মোট ২৬৭৮ জন সংস্কৃতিসেবীকে বিভিন্ন হারে ভাতা প্রদান করা হয়।

৩
৩০০০৪১
১১/১১৫৫

সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার

- ১৭। বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন নিদর্শনের গবেষণালক্ষ বিষয়বস্তু ও জাদুঘর সম্পত্তি অন্যান্য বিষয়াদির পাণ্ডুলিপি দিয়ে বিজ্ঞজনের মতামত নিয়ে বিভিন্ন ধরনের গবেষণা গ্রন্থ, অ্যালবাম, বার্ষিক প্রতিবেদন, জাদুঘর সমাচার, ক্যাটালগ, ব্রোশিউর, স্ম্যভেন্নির, নির্দেশিকা, ফোল্ডার, ফলিও, লিফলেট, পোস্টার, ভিউকার্ড ইত্যাদি প্রকাশ করে।
- ১৮। শাখা জাদুঘরসহ বাংলাদেশ জাতীয় জাদুঘরে ২০১৪-১৫ অর্থ বছরে সর্বমোট ৬৪৩টি নিদর্শন সংগ্রহ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ জাতীয় জাদুঘরের সংরক্ষণ রসায়নাগার বিভাগে ৪৩৫টি নিদর্শনের সংরক্ষণ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- ১৯। জাতীয় জাদুঘরের ওয়েবসাইটে ভার্চুয়াল গ্যালারি সংযোজন করা হয়েছে।
- ২০। ঢাকাস্থ সোহরাওয়ার্দী উদ্যানে স্বাধীনতা জাদুঘর (Museum of Independence) নতুনভাবে সজ্জিতকরণের কাজ সম্পন্ন করে জনসাধারণের পরিদর্শনের জন্য উন্মুক্ত করা হয়েছে।
- ২১। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েব পোর্টাল এর উন্মোচন করা হয়েছে।
- ২২। বিদ্যমান গণগ্রন্থাগারসমূহের জন্য ২০১৪-১৫ অর্থবছরে দেশি-বিদেশি সর্বমোট ৭৭,৬০০ খানা পুস্তক ক্রয় করা হয়েছে।
- ২৩। জাতীয় দিবসসমূহ উদ্যাপন উপলক্ষে দেশব্যাপী ১২৮টি বিভিন্ন প্রতিযোগিতামূলক অনুষ্ঠান (রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি) আয়োজন করে পুরস্কার ও সনদ প্রদান করা হয়েছে।
- ২৪। নজরগুল ইস্পটিটিউট হতে ২০১৪-১৫ অর্থবছরে ২৩টি গ্রন্থ ও ৯টি অডিও সিডি প্রকাশিত হয়েছে।
- ২৫। দেশের জনগণের মধ্যে পাঠ প্রবণতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় গ্রন্থকেন্দ্রের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এবং বিভাগীয়/জেলা প্রশাসনের সহযোগিতায় ১০দিন ব্যাপী ময়মনসিংহ ও বগুড়া জেলা বইমেলা অনুষ্ঠিত হয়েছে এবং ১২দিন ব্যাপী কুমিল্লা ও যশোর জেলা বইমেলার আয়োজন করা হয়েছে। এই বইমেলা অত্যন্ত সফল এবং সার্থক বইমেলা হিসেবে সুবীজনের প্রশংসা অর্জন করেছে।
- ২৬। ২৯ জানুয়ারি থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত কোলকাতায় অনুষ্ঠিত ৩৮তম আন্তর্জাতিক কলকাতা পুস্তকমেলায় জাতীয় গ্রন্থকেন্দ্র প্রধান সমন্বয়কের দায়িত্ব পালন করে।
- ২৭। জুলাই ০১ থেকে ১০ তারিখ পর্যন্ত বাংলা একাডেমি প্রাঙ্গণে জাতীয় গ্রন্থকেন্দ্র ১০ দিনব্যাপী ঢাকা বইমেলা ২০১৫ সফলভাবে আয়োজন করে।
- ২৮। জাতীয় আরকাইভস হতে ৫৩৩ জন গবেষক এবং জাতীয় গ্রন্থাগার হতে ১৫,৮৯৫ জন পাঠক-গবেষককে তথ্যসেবা দেয়া হয়েছে।
- ২৯। জাতীয় আরকাইভসে ১,০০,৪৩৫ পৃষ্ঠা রেকর্ড ডিজিটাইজেশন করা হয়েছে।
- ৩০। ৬৭৬১টি ISBN প্রদান করা হয়েছে।
- ৩১। জাতীয় গ্রন্থাগারের তথ্যসামগ্ৰীকে অটোমেশন ও ডিজিটাইজেশনপূর্বক অনলাইন তথ্যসেবা প্রদান করার জন্য একটি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। তথ্যসামগ্ৰী স্ক্যানিংপূর্বক সার্ভারে আপলোড করা হচ্ছে এবং **Green Stone** ডিজিটাল লাইব্রেরি সফটওয়্যারে Meta data এন্ট্ৰি কাজ অব্যাহত রয়েছে।
- ৩২। লাইব্রেরিতে ১০,০০০ বৰ্গফুট এরিয়া Free Wi-Fi Network এর আওতায় আনা হয়েছে। যেখান থেকে যেকোন পাঠক/গবেষক বিনা পয়সায় ইন্টাৱনেট সার্চিং ও ই-মেইল ব্রাউজ করতে পারেন।


 মোঃ নাজুল ইসলাম
 সহকারী সচিব
 সাংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার